

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩  
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২০(বকেয়া-০০১).১৭-১৫৪

তারিখ: ০৪.০৩.২০১৮ খ্রি:।

বিষয়: অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা, গাজীপুর এর স্থগিতকৃত বেতন-ভাতা (stop payment) চালু ও বকেয়া বেতন-ভাতা চালু করার বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা বাস্তবায়নে স্পষ্টিকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) ৫৭.০০.০০০০.৭৫.০২৭.৪৫.১৭/২৭

তারিখ: ২৮.০১.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারক মূলে অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা, গাজীপুর এর স্থগিতকৃত বেতন-ভাতা (stop payment) চালু ও বেতন-ভাতার সরকারি অংশ ১০.০৫.২০১৭ তারিখ হতে চালু করার নিমিত্ত একটি নির্দেশনা কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ হতে পাওয়া গেছে।

০২. কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ এর মাদরাসা-১ কর্তৃক প্রেরিত পত্রে নিম্নোক্তরূপে নির্দেশ দেয়া হয়-

“অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা, গাজীপুর এর স্থগিতকৃত বেতন-ভাতা (stop payment) চালু ও বেতন-ভাতার সরকারি অংশ ১০.০৫.২০১৭ তারিখ হতে চালু করার জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। তবে ১০.০৫.২০১৭ তারিখের পূর্বের কোন বকেয়া প্রদান করা যাবে না (কপি সংযুক্ত)।”

০৩. শিক্ষা মন্ত্রণালয় এর উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা, গাজীপুর এর স্থগিত হওয়া বেতন-ভাতাদি চালু হওয়া প্রয়োজন।

০৪. এমতাবস্থায় শিক্ষা মন্ত্রণালয়ের উক্ত নির্দেশনার আলোকে অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা, গাজীপুর এর স্থগিত বেতন-ভাতা (বকেয়া ব্যতীত) ছাড়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মতে- ০১ ফর্দ।

মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা  
দৃষ্টি আকর্ষণ: প্রোগ্রামার- ১, ই.এম. আই. এস সেল, মাউশি অধিদপ্তর

(মো: বিল্লাল হোসেন)

মহাপরিচালক

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং-৪১০৩০১৫৯

ই-মেইল-[dgdmeb@gmail.com](mailto:dgdmeb@gmail.com)

অনুলিপি:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা।
২. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল।
৩. জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পূবাইল, গাজীপুর।
৫. অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা।
৬. সভাপতি, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা।
৭. অফিস কপি।